# Times Today BD

এসকে সোহেল | দেশজুড়ে | 21 May, 2025

বাগেরহাটের পৌরসভার অভ্যন্তরে মাদক ব্যবসা ও মাদক সেবীদের পদচারণা বন্ধের দাবিতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। বুধবার (২১ মে) বেলা ১১টায় খুলনা-বাগেরহাট মহাসড়কের জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে পৌরসভার হাড়িখালি, হরিণখানা ও মুনিগঞ্জ এলাকার বাসিন্দারা এই মানববন্ধন করেন।

মানববন্ধনে বক্তব্য দেন, মাওলানা ইব্রাহিম হোসেন, হাফেজ মাওলানা শহিদুল ইসলাম, হাফেজ মাওলানা ক্বারী মাহবুবুর রহমান, নুরুল ইসলাম মিল্টন প্রমুখ। মানববন্ধনে স্থানীয় শতাধিক মানুষ অংশগ্রহন করেন।

বক্তারা বলেন, মাদকে ছেয়ে গেছে পুরো বাগেরহাট পৌরসভা। পৌরসভার ১নং ওয়ার্ডের কাঠের-পুল, মুনিগঞ্জ ব্রীজ সংলগ্ন লিটুর মীল, উত্তর হাড়িখালী স্কুল রোড, হাড়িখালী পূর্বপাড়া দাখিল মাদ্রাসা সংলগ্ন, বটতলার মৃতঃ সামসুল আলম তালুকদারের বাড়ীর পশ্চিম পার্শ্বে রাস্তা, মৃতঃ আবু হানিফের বাড়ীর গলির রাস্তা, মহিলা কলেজ রোড, মুনিগঞ্জ খেয়াঘাট সংলগ্ন পাবলিক টয়লেটের আশে-পাশে, সম্মিলনী স্কুল মোড় ও সরুই মাদ্রাসা রোড, হরিণখানা পি.সি কলেজ পাঁচরাস্তার মোড়, নাগেরবাজার, কৃষ্ণনগর রেললাইন মোড়, একতারখা দিঘির পাড়, পৌরপার্ক সহ বিভিন্ন জায়গায় এবং কাড়াপাড়া ইউনিয়নের মাঝিডাঙ্গা আশ্রায়ন প্রকল্প, ঘাটগুম্বজ ষ্টেশন, গোটাপাড়া ক্লাব মোড়, কান্দাপাড়া বাজার, সুইস গেট সংলগ্ন এলাকায় মাদক ব্যবসায়ীরা প্রকাশ্যে মাদক ক্রয়-বিক্রয় করছে। অনেক সময় প্রকাশ্যে মাদক বিক্রি করতে দেখা যায়। মাদকসেবীরা অনেকের উপর হামলা করেছে। বারবার পুলিশ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ

অধিদপ্তরসহ বিভিন্ন দপ্তরে আবেদন করেও লাভ হয়নি।আজ বাধ্য হয়ে আমরা রাস্তায় নেমেছি। আমাদের দাবি একটাই, মাদকমুক্ত শহর দেখতে চাই।

বক্তারা আরও বলেন, মাদক সেবীরা মাদকের অর্থ জোগাড় করার জন্য চুরি, ছিনতাই, পিতা-মাতা ও আত্মত্মীয়-স্বজনের নিকট থেকে মাদকের অর্থ নেওয়ার জন্য তাদের সাথে দুর্ব্যবহার, ঘরের মালামাল ভাংচুর, লুটপাট করে অসামাজিক পরিবেশ সৃষ্টি সহ সমাজের শান্তি-শৃঙ্খলার মারাত্মক অবনতি ঘটিয়ে অস্বস্থিকর পরিবেশ সৃষ্টি করেছে। এই সকল চিহ্নিত মাদক ব্যবসায়ীরা দেশের টেকনাফ, চট্টগ্রাম, বেনাপোল থেকে মাদক এনে জেলার বিভিন্ন প্রান্তে পৌছে দেয়।যাদের বিরুদ্ধে ঢাকাসহ দেশের বিভিন্ন জেলায় মাদকের মামলা রয়েছে।অতিদ্রুত মাদক ব্যবসায়ীদের গ্রেপ্তার করে আইনের আওতায় আনার দাবি জানান বক্তারা।

এ বিষয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বাগেরহাট কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ বুলু শেখ বলেন, হাড়িখালী, মুনিগঞ্জ, নাগেরবাজারসহ বেশকিছু এলাকায় মাদক ক্রয়-বিক্রয়ের তথ্য রয়েছে। স্বল্প সময়ের মধ্যে চিহ্নিত স্থানগুলোতে অভিযান চালানো হবে। অল্প সময়ের মধ্যেই শহরে মাদকের প্রভাব বন্ধ করা সম্ভব হবে বলে জানান তিনি।

বাগেরহাট মানববন্ধন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 30 June, 2025 19:01

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758072783